কুষ্টিয়ায় ইসলামী ব্যাংকের এজেন্ট শাখায় ভল্ট ভেঙে টাকা চুরি

কুষ্টিয়ার কুমারখালীতে ইসলামী ব্যাংকের এজেন্ট শাখায় ভল্টের তালা ভেঙে প্রায় ৫ লাখ ২৭ হাজার টাকা চুরির অভিযোগ পাওয়া গেছে। গতকাল মঙ্গলবার রাতে উপজেলার নন্দলালপুর ইউনিয়নের আলাউদ্দিন নগর এলাকায় এ ঘটনা ঘটে।

আজ বুধবার দুপুরে সরেজমিন গিয়ে দেখা যায়, একটি জানালার গ্রিল কাটা। ভল্টের তালা ভাঙা, সিসিটিভির ডিভিআর নেই। অগোছালো আলমারি। উৎসুক জনতা ভিড় করতেও দেখা গেছে।

এ সময় এজেন্ট ব্যাংকিং শাখার ইনচার্জ মো. শামসুল আলম জানান, প্রতিদিনের মতো সকালে অফিস খোলার পর দেখেন ব্যাংকের আলমারী তছনছ। ভেতরে গিয়ে দেখেন জানালার গ্রিল কাটা, ভল্টের তালা ভাঙা। ভল্টে রাখা পাঁচ লাখ ২৩ হাজার ৬৮৪ টাকা নেই। সিসিটিভির ডিভিইয়ার নেই। আলমারি অগোছালো।

তিনি আরও বলেন, আমাদের নিজস্ব নৈশ প্রহরী না থাকলেও বাজারের নৈশ প্রহরীরা পাহারা দিয়ে থাকে। তাঁর ভাষ্য, রাতের আধারে ব্যাংকে চুরির ঘটনা ঘটেছে। তিনি থানায় মামলার প্রস্তুতি নিচ্ছেন।

কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আকিবুল ইসলাম জানান, চুরির ঘটনাটি রহস্যজনক মনে হচ্ছে। তিনি ঘটনাস্থল পরিদর্শন করেছেন। ঊর্ধ্বতন কর্মকর্তারাও ঘটনাস্থল পরিদর্শন করেছেন। ঘটনার গভীর তদন্ত চলছে। এখনও লিখিত অভিযোগ পাওয়া যায়নি।

গাংনীতে অগ্রনী ব্যাংকের

এজেন্ট শাখার উদ্বোধন

গাংনী উপজেলার ধানখোলা বাজারে অগ্রনী ব্যাংকের “অগ্রনী এজেন্ট ব্যাংকিং” শাখার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। সোমবার (২৮ নভেম্বর) বেলা ১১টার দিকে ধানখোলা বাজারে ব্যাংকিং শাখার কার্যালয় উদ্বোধন করা হয়।

ফিতা কেটে এজেন্ট ব্যাংকিং ধানখোলা শাখার উদ্বোধন করেন অগ্রনী ব্যাংকের সহকারি মহা-ব্যবস্থাপক রোকন উদ্দীন।

এসময় উপস্থিত ছিলেন, ব্যাংকের চুয়াডাঙ্গা শাখার সহকারি মহা- ব্যবস্থাপক ও শাখা প্রধান এমএইচ জগলুল পাশা, চুয়াডাঙ্গা শাখার প্রিন্সিপাল অফিসার এ এস এম এম কবীর, মেহেরপুর শাখা ব্যবস্থাপক আরিফ হোসেন।

পরে শাখা উদ্বোধন উপলক্ষে এলাকার সুধিদের নিয়ে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়।

অগ্রনী ব্যাংকের গাংনী শাখার ব্যবস্থাপক সাহারুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বক্তব্য রাখেন, অগ্রনী ব্যাংকের কুষ্টিয়া দুয়ার ব্যাংকির এর বিজনেস ডেভেলপমেন্ট এক্সিকিউটিভ অরুন চক্রবর্তি, ধানখোলা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আখেরুজ্জামান, ধানখোলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রোকনুজ্জামান, ধানখোলা বাজার কমিটির সভাপতি ফারুক হোসেন, শাহিনুজ্জান মাস্টার,স্থানীয় আওয়ামী লীগ নেতা আনিসুর রহমান, অগ্রনী ব্যাংকের ধানখোলা এজেন্ট শাখা (দুয়ার) এর পরিচালক আবু সাঈদ টোকন প্রমুখ।

ব্যাংকের মেহেরপুর শাখার প্রিন্সিপাল অফিসার রমেশ চন্দ্র সিকদার মতবিনিময় সভায় উপস্থাপনা করেন।